

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ সমবায় একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা।
www.bca.gov.bd

স্মারক নং- ৪৭.৬১.০০০০.৩৪১.২৫.১৮৩.১৩- ২১৬

তারিখঃ- ২৬-০৪-২০২৪ খ্রিঃ

বিষয়ঃ Development Administration (Office Management, APA & PPA) কোর্সের মনোনয়ন প্রদান সংক্রান্ত।

বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লায় সমবায় অধিদপ্তরের উপজেলা সমবায় অফিসারবৃন্দের অংশগ্রহণে আগামী ০৫.০৫.২০২৪ খ্রিঃ হতে ১৬.০৫.২০২৪ খ্রিঃ পর্যন্ত ১২(বারো) দিন ব্যাপী রাজস্ব বাজেটের অর্থায়নে Development Administration (Office Management, APA & PPA) বিষয়ক প্রশিক্ষণ কোর্স অনুষ্ঠিত হবে। উক্ত কোর্সে অংশগ্রহণের জন্য নিম্নবর্ণিত লক্ষ্যমাত্রা অনুযায়ী তাঁর বিভাগ হতে প্রশিক্ষণার্থী প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

ক্রঃনং	বিভাগের নাম	পদবী	প্রশিক্ষণার্থীর লক্ষ্যমাত্রা
০১	ঢাকা	উপজেলা সমবায় অফিসার	০৫ (পুরুষ-২, মহিলা-৩)
০২	চট্টগ্রাম	উপজেলা সমবায় অফিসার	০৪ (পুরুষ-২, মহিলা-২)
০৩	রাজশাহী	উপজেলা সমবায় অফিসার	০৪ (পুরুষ-২, মহিলা-২)
০৪	খুলনা	উপজেলা সমবায় অফিসার	০৪ (পুরুষ-২, মহিলা-২)
০৫	সিলেট	উপজেলা সমবায় অফিসার	০২ (পুরুষ-১, মহিলা-১)
০৬	রংপুর	উপজেলা সমবায় অফিসার	০২ (পুরুষ-১, মহিলা-১)
০৭	বরিশাল	উপজেলা সমবায় অফিসার	০২ (পুরুষ-১, মহিলা-১)
০৮	ময়মনসিংহ	উপজেলা সমবায় অফিসার	০২ (পুরুষ-১, মহিলা-১)
		সর্বমোট =	২৫ জন

উল্লেখ্য যে,

- ০১। কোর্সটি সম্পূর্ণ আবাসিক। প্রশিক্ষণার্থীগণকে আগামী ০৪.০৫.২০২৪ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৭.০০ টার মধ্যে বাংলাদেশ সমবায় একাডেমি হোস্টেলের অভ্যর্থনা কক্ষে রিপোর্ট করতে হবে।
- ০২। প্রশিক্ষণকালীন কোন ছুটি গ্রহণযোগ্য নয়।
- ০৩। কর্তৃপক্ষের লিখিত অনুমতি ব্যতিরেকে মনোনীত প্রশিক্ষণার্থী যথাসময়ে প্রশিক্ষণে অংশগ্রহণ না করলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৪। একই প্রকারের প্রশিক্ষণ কোর্সে একই কর্মকর্তাকে একই অর্থবছরে একাধিক বার মনোনয়ন দেয়া যাবে না এবং যে সকল কর্মকর্তার চাকুরী ৩ বছরের কম রয়েছে তাদের মনোনয়ন না দেয়ার জন্য অনুরোধ করা হলো।
- ০৫। প্রশিক্ষণার্থী মনোনয়ন প্রদান করে মনোনয়নের কপি বাংলাদেশ সমবায় একাডেমির ই-মেইলে আগামী ২৯/০৪/২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

স্বা/ (কাজী মেসবাহ উদ্দিন আহমেদ)
অধ্যক্ষ (অতিরিক্ত নিবন্ধক)
বাংলাদেশ সমবায় একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা।

E-mail: bcacomilla@gmail.com


প্রতি,

যুগ্ম-নিবন্ধক,
বিভাগীয় সমবায় দপ্তর,
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর/বরিশাল/ময়মনসিংহ

স্মারক নং- ৪৭.৬১.০০০০.৩৪১.২৫.১৮৩.১৩- ২১৬/২ (২৫)
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো।

তারিখঃ- ২৬-০৪-২০২৪ খ্রিঃ।

- ০১। জনাব বাংলাদেশ সমবায় একাডেমি ও কোর্স পরিচালক, তাঁকে প্রশিক্ষণার্থী উপস্থিতির বিষয়ে সংশ্লিষ্টদের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।
- ০২। সহ. প্রোগ্রামার, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা। (তাঁকে জারীকৃত পত্রটি সমবায় একাডেমির ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ সহ)
- ০৩। জনাব প্রভাষক/হোস্টেল সুপার/গবেষণা সহকারী/গবেষণা কর্মকর্তা/সহকারী অধ্যাপক/অধ্যাপক, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।
- ০৪। পরিচালক (প্রশাসন), বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড), কোটবাড়ী, কুমিল্লা। (বিষয়টি বার্ডের প্রধান ফটকে অবহিত করার জন্য সদয় অনুরোধ করা হ'ল)
- ০৫। অধ্যক্ষ, বাংলাদেশ সমবায় একাডেমি, কোটবাড়ী, কুমিল্লা।
- ০৬। যুগ্ম-নিবন্ধক (ইপিপি)। (নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয়ের সদয় অবগতির জন্য)


(মোহাম্মদ গিয়াস উদ্দিন)
অধ্যাপক (প্রশিক্ষণ)
বাংলাদেশ সমবায় একাডেমি
কোটবাড়ী, কুমিল্লা।